জিজেইউএস

# বুলেটিন

একটি অনিয়মিত সাময়িকী

প্রকাশকাল
নভেম্বর ২০২৪
সংখ্যা-১৬



গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস) ভোলা

www.gjus-bd.org

gjus.1997@gmail.com

CamScanner

# জিজেইউএস বুলেটিন

একটি অনিয়মিত সাময়িকী


**উপদেষ্টা মন্ডলী**

জাকির হোসেন মহিন
হুমায়ুন কবির
বীথি ইসলাম
মোঃ মোস্তফা কামাল
মোঃ আজাদ হোসেন

**সম্পাদনায়**

মোঃ হারুন উর রশীদ

**সহযোগীতায়**

আনিসুর রহমান টিপু

**প্রচ্ছদ ও মুদ্রন**

মোঃ মামুন-অর-রশিদ (মাসুম)
দৃষ্টি আই টি, জাহাঙ্গীর প্লাজা, ভোলা।

**প্রকাশকাল**

নভেম্বর-২০২৪, সংখ্যা-১৬


GJUS


**গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস)**

আলতাজের রহমান সড়ক, মধ্য চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা।
টেলিফোন: +৮৮০২৪৭৮৮৯৪১৬৯, +৮৮০১৯১৪০৫৯৪৭৮, +৮৮০১৭১৪০৫৯৪৭৯
ই-মেইল: zakirmohin212121@gmail.com, https://www.facebook.com/gjus0/

# ইচ্ছে ছিলো লেখা পড়া করে বড় কিছু হওয়ার কিন্তু হাতে জুটলো সুবর্ণ কার্ড ॥ তবুও স্বনির্ভর হওয়ার চেষ্টা

হারুন অর রশীদঃ

ছোট বেলা থেকেই ইচ্ছে ছিলো লেখা পড়া করে বড় হয়ে চাকুরী করার। কিন্তু হলোনা। চতুর্থ শ্রেনী পার হতেই দুই ভাই বোন তানিয়া বেগম (১৫) ও শেখ বিল (১৮) এর হাতে জুটলো সুবর্ণ কার্ড। কি অদ্ভুদ এক জীবনের ইতি টানলো তারা। তবুও হাল ছাড়েনি ওরা, স্বনির্ভর হওয়ার জন্য বাড়িতে বসেই কাজ করে যাচ্ছে প্রতিনিয়ত। ভোলা সদর উপজেলার পূর্ব ইলিশা ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের ছিদ্দীক বেপারি বাড়ির মোঃ শেখ ফরিদের সন্তান তারা। বাবা শেখ ফরিদ পেশায় একজন জেলে।

শেখ ফরিদ জানান, তার চার ছেলে মেয়ে সবাই ভালো এবং সুস্থ ছিলো।



ছোট দুই ছেলে মেয়ে তানিয়া ও শেখ বিল তৎকালীন গাজিপুর স্কুলে লেখা পড়া করছিলো, চতুর্থ শ্রেনীতে উঠার পর হঠাৎ তারা স্কুল থেকে বের হবার সময় হাটিতে পারছিলো না। তাদের নিচের অংশ অবশ হয়ে যায়। পরে তাদের বাড়িতে নিয়ে এসে দেখি তারা দাড়াতে পারছে না। কোমরের অংশ থেকে দুজনেরই পা পর্যন্ত অবস হয়ে গেছে। তড়িঘড়ি করে ঢাকার বিভিন্ন ডাক্তারের শরণাপন্ন হয়ে অনেক টাকা খরচ করেও তাদের সুস্থ করতে পারিনি। ডাক্তার তাদের ফিরিয়ে দিয়েছে বলেছে এরা সুস্থ্য হবেনা। কষ্ট বুকে নিয়ে আদরের সন্তানদের নিয়ে বাড়িতে ফিরে আসি। ওদের শরীরের নিম্নাংশ অচল হয়ে যায়। বন্ধ হয়ে যায় হাটা চলা আর অন্যান্য ছেলে মেয়েদের মতো খেলাধুলা আর স্কুলে পড়ার স্বপ্ন। শারিরীকভাবে অসুস্থ হয়ে পরে তারা।



দীর্ঘদিন বাড়িতে থাকার পর পল্লী-কর্ম সহায়ক ফাউন্ডেশনের পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় সমাজসেবা অফিসের সহযোগিতায় তাদের দুটি সুবর্ণ কার্ড করিয়ে দেয় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা। হাতের কাজের জন্য বিশেষ করে কাঁথা সেলাইয়ের জন্য প্রয়োজনীয় কাপড়, সুতা, টেবিল, আলমীরা ইত্যাদি ব্যবস্থা কওে দেয় এবং বাজার লিংকেজ করে দেয়া হয়। পাশাপাশি ছেলে শেখ বিলকে ট্রাই সাইকেল ও ক্ষুদ্র ব্যাবসার জন্য পরামর্শ প্রদান করা হয়। ইতো মধ্যে সফল প্রতিবন্ধী হিসেবে তানিয়া বেগমকে পুরস্কার দেয়া হয়েছে সংস্থার পক্ষ থেকে।

তানিয়া অসুস্থ্য হয়েও ঘরে বসে বিভিন্ন কাঁথা সেলাই ও শিক্ষার্থীদের প্রাকটিক্যাল খাতা অংকন করে রোজগার করছে আর তার ভাই নগদ, বিকাশ, ফ্লেক্সিলোড ও শিশুদের নানা রকম খাদ্য বিক্রি করে ঘরে বসেই আয় করার চেষ্টা অব্যাহত রেখেছে। ইচ্ছা থাকলে শারীরিক অসুস্থ্যতা কোন ভাবেই বাধা হয়ে দাঁড়ায় না এটাই তারা প্রমান করেছে। তাদের এখাট থেকে ওখাট, গোসল, বাথরুম সবই বাবা মা কোলে নিয়ে করিয়ে দেন। তাদের সন্তানের এতো দেখভাল করতে গিয়ে মোটেও দুঃখ নেই তাদের। আল্লাহ যেমন দিয়েছেন তাতেই শুকরিয়া আদায় করছেন তারা।

# ভোলায় দুই লক্ষাধিক মানুষ রয়েছে, যারা সরাসরি দূর্যোগের সম্মুখীন হয় তাদের বাদ দিয়ে জেলার সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়

## জেলা প্রশাসক মোঃ আরিফুজ্জামান

জিজেইউএস ডেস্কঃ

ভোলার জেলা প্রশাসক মোঃ আরিফুজ্জামান বলেছেন ভোলায় প্রায় দুই লক্ষাধিক মানুষ রয়েছে যারা সব সময় বিভিন্ন দূর্যোগের সম্মুখীন হয়। তাদের বাদ রেখে জেলার সামগ্রিক উন্নয়ন সম্বব নয়। এরা অধিকাংশই জেলে। মাছ শিকার করেই জীবিকা নির্বাহ করে আসছে। স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে সরকারের পাশাপাশি সকল জিও এনজিও দেরও এগিয়ে আসতে হবে।

বুধবার গ্রামীণ জন উন্নয়ন সংস্থার হল রুমে আয়োজিত (আরএইচএল) প্রকল্পের অবহিতকরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি কথা গুলো বলেন। তিনি আরো বলেন, এখনই সময়, জলবায়ুর বিরুপ প্রভাব মোকাবেলায় সবাইকে এগিয়ে আসা। পরিবেশ রক্ষায় সবাই




একজোট হয়ে কাজ করলে আমরা সুন্দর ভাবে বাঁচতে পারবো এবং এ সবুজে ঘেরা দেশটাকে বাঁচিয়ে রাখা যাবে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের গ্রীন ক্লাইমেন্ট ফান্ডের অর্থায়নে রেজিলিয়েন্ট হোমস্টেট এন্ড লাইভলিহুড সাপোর্ট টু দ্যা ভারনালেবল কোস্টাল পিপল অব বাংলাদেশ শীর্ষক প্রকল্পটির অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস) ও পরিবার উন্নয়ন সংস্থা (এফডিএ) ভোলায় প্রকল্পটি বাস্তবায়ন করছে।

অনুষ্ঠানে পরিবার উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ কামাল উদ্দিন এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিভাগীয় বন কর্মকর্তা ড. মোঃ জহিরুল হক, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ রফিকুল ইসলাম খান, কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক হাসান ওয়ারিসুল কবীর, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সজল চন্দ্র শীল, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন ও জেলা ত্রান ও পুর্নবাসন কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন প্রমূখ।

জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় উপকূলীয় অতিদরীদ্র জনগোষ্ঠির জীবন মান উন্নয়ন ও জলবায়ু সহিষ্ণু বসতভিটা নির্মাণ। প্রকল্পের প্রধান লক্ষ্য হলো বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে বসবাসকারী সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জীবন ও সম্পদের ঝুঁকি হ্রাস করা এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় তাঁদের উন্নত ও টেকসই বিকল্প জীবিকার উপায় প্রদান করা। প্রকল্পটির মাধ্যমে সাতটি উপকূলীয় জেলার (কক্সবাজার, ভোলা, পটুয়াখালী, বরগুনা, সাতক্ষীরা, বাগেরহাট ও খুলনা) প্রায় তিনলক্ষ অতি দরিদ্র মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হবেন। প্রকল্পটির উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে: উপকূলীয় অঞ্চলের জলবায়ু পরিবর্তন সহনশীল বাড়ি নির্মাণ/পুনঃনির্মাণ/বসতভিটা উচুকরণ, কাঁকড়া হ্যাচারি স্থাপন ও



CamScanner

কাঁকড়া চাষ প্রযুক্তি সম্প্রসারন, মাঁচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালন, বসতবাড়ীর আঙ্গিনায় লবণাক্ততা সহনশীল সবজি চাষ, বাড়ীর আঙ্গিনায় এবং কাঁকড়া ঘেরে ম্যানগ্রোভ বনায়ন ইত্যাদি। পাঁচ বছর মেয়াদী প্রকল্পটি বাংলাদেশের সাতটি উপকূলীয় জেলার জলবায়ু-ঝুঁকিপূর্ণ সম্প্রদায়ের জলবায়ু ঝুঁকি মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি পাবে এবং আয় বৃদ্ধির মাধ্যমে লক্ষিত জনগোষ্ঠীর জীবন ও জীবিকার মানের ক্রমোন্নয়ন উন্নয়ন ঘটবে। প্রকল্পটি ভোলা সদর, বোরহানউদ্দিন, চরফ্যাশন ও মনপুরা এলাকায় কাজ করবে। প্রকল্পের কর্মকান্ড নিয়ে মাল্টিমিডিয়ায় উপস্থাপন করেন পিকেএসএফ এর (আরএইচএল) প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার শেখ নজরুল ইসলাম। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক কর্মসুচি এন্ড লিগ্যাল অ্যাডভোকেট বীথি ইসলাম। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিক গন উপস্থিত ছিলেন
অনুষ্ঠানে উম্মুক্ত আলোচনায় অংশ নেয় ঢাল চর ইউনিয়নের চেয়ারম্যান জনাব আবদুস সালাম হাওলাদার, বোরহাউনউদ্দিন উপজেলার টবগি ইউনিয়নের চেয়ারম্যান জনাব মোঃ জসিম হাওলাদার, চ্যানেল টুয়ান্টি ফোর এর জেলা প্রতিনিধি সাংবাদিক আদিল হোসেন তপু, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার প্রিন্সিপ্যাল অফিসার তানজিলা সুমি প্রমূখ।
বলায় সহায়তা করবে গাছগুলো।

# পিপিইপিপি-ইইউ প্রকল্পের বিভিন্ন আইজিএ পরিদর্শন করলেন দাতা সংস্থা ইফাদ প্রতিনিধি দল

জিজেইউএস ডেস্কঃ

ভোল পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের পিপিইপিপি-ইইউ প্রকল্পের গ্রামীণ জন উন্নয়ন সংস্থা পরিচালিত বিভিন্ন আইজিএ পরিদর্শন করলেন আন্তর্জাতিক দাতা সংস্থা ইফাদ এর একটি বিশেষ প্রতিনিধি দল। সদর উপজেলার ইলিশায় মা ও শিশু ফোরাম, পিভিসি, কিশোরী ক্লাব সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন ইফাদ প্রতিনিধি অ্যাম্বরা কায়োডে গ্যালিনা, লাক্সমি কৃঞ্চান, কায়োডি ফ্যাগবেমী। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের প্রতিনিধি তানজিনা সুর জিনিয়া, মোঃ শাহরিয়ার হায়দার, অভিজিৎ কুমার দাস, ড. ফারুক উল আলম, এবিএম কাওসার আহমেদ ও গ্রামীণ জন উন্নয়ন সংস্থার ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক হুমায়ুন কবীর, সংস্থার পরিচালক হিসাব এন্ড অর্থ মোঃ মোস্তফা কামাল, মাল্টিমিডিয়ায় উপস্থাপন করেন সংস্থার সহকারী পরিচালক কৃষিবিদ আনিসুর রহমান টিপু, সহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



# যারা প্রশিক্ষণের মাধ্যমে সেলাই মেশিন পেয়েছেন তারাও স্মার্ট বাংলাদেশ বিনির্মানে একেকটি হাতিয়ার

## জেলা প্রশাসক আরিফুজ্জামান




জিজেইউএস ডেস্কঃ

ভোলার জেলা প্রশাসক আরিফুজ্জামান বলেছেন ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি উন্নত সমৃদ্ধ বাংলাদেশে পরিনত হবে। আজকে যারা প্রশিক্ষণের মাধ্যমে সেলাই মেশিন পেয়েছেন তারাও স্মার্ট বাংলাদেশ বিনির্মানে একেকটি হাতিয়ার। নিজেদের স্বাবলম্বী হওয়ার পাশাপাশি আপনাদের মাধ্যমেও গড়ে উঠবে অসংখ্য দক্ষ হাত। বুধবার সকালে ব্যাংকের হাট গ্রামীণ জন উন্নয়ন সংস্থার ভবনের হলরুমে অনুষ্ঠিত সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা গুলো বলেন। তিনি আরো বলেন বাংলাদেশ সরকার চায় দেশের প্রতিটি মানুষ ভালো থাকুক। গ্রামীণ জন উন্নয়ন সংস্থা যে ভাবে তৃনমূলের মানুষদের নিয়ে কাজ করে তাতে ভোলার মানুষের উন্নয়নের পাশাপাশি দেশের উন্নয়নে বড় ভূমিকা রাখছে। প্রশিক্ষণার্থীদের উদ্যেশ্যে বলেন আপনারা এখন প্রশিক্ষিত দক্ষ হাত। এতে করে আপনাদের সম্মান বেড়েছে, মর্যাদা বেড়েছে, আপনাদেরকে সাহসের সাথে সামনে এগিয়ে যেতে হবে। নিজেদের পরিবারের উপার্জনের একটি হাত বেড়েছে। এ সুযোগটি করে দিয়েছে গ্রামীণ জন উন্নয়ন সংস্থা। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের পিপিইপিপি-ইউই প্রকল্পের সহযোগিতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা নারীদের মাসব্যাপী প্রশিক্ষণ শেষে বিনামূল্যে ৫০ টি সেলাই মেশিন বিতরণের আয়োজন করে। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ তৌহিদুল ইসলাম, সহকারি কমিশনার দীপক ত্রিপুরা, বক্তব্য রাখেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক হুমায়ুন কবীর, মাইক্রোফিন্যান্স পরিচালক জাকির হোসেন, প্রকল্প পরিচালক আবু বকর। অনুষ্ঠান পরিচালনা করেন হিসাব এন্ড অর্থ মোঃ মোস্তফা কামাল। প্রশিক্ষণার্থীদের মধ্যে বক্তব্য রাখেন সুমি আক্তার, খাদিজা বেগম ও লাইজু বেগম। পরে প্রশিক্ষণার্থীদের মধ্যে সেলাই মেশিন বিতরণ করা হয় ও তাদের তৈরীকৃত পোশাকের ষ্টল পরিদর্শন করেন অতিথিরা।

# জিপিএ ৫ পেলে হবেনা আদর্শ মানুষ হতে হবে
# চেক বিতরণ অনুষ্ঠানে আবদুল মমিন টুলু

জিজেইউএস ডেস্কঃ




ভোলা জেলা পরিষদ চেয়ারম্যান আবদুল মমিন টুলু বলেছেন, জিপিএ ৫ আর গোল্ডেন পেলেই হবেনা প্রত্যেককে আদর্শ মানুষ হতে হবে। পুথিগত জ্ঞানের পাশাপাশি বাহ্যিক জ্ঞান অপরিহার্য। মঙ্গলবার এসএসসি পরিক্ষায় কৃতকার্য দরীদ্র মেধাবী শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি কথাগুলো বলেন। পল্লীকর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস) তাদের হলরুমে বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। শিক্ষার্থীদের উদ্যেশ্যে তিনি আরো বলেন তোমাদের এখনই সময় সিদ্বান্ত নেয়ার ভবিষ্যতে তোমরাও রাষ্ট্র পরিচালনা করবে। এ জন্য আদর্শ মানুষ হয়ে তোমরাও দেশ গঠনে ভূমিকা রাখতে পারবে। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন এর সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন সংস্থার পরিচালক কর্মসূচি হুমায়ুন কবীর, পরিচালক (মাইক্রোফিন্যান্স) মোঃ জাকির হোসেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন অতিরিক্ত পরিচালক (হিসাব এন্ড অর্থ) মোঃ মোস্তফা কামাল। অনুষ্ঠানে ৩০ জন শিক্ষার্থীকে ১২ হাজার টাকা করে মোট ৩ লক্ষ ৬০ হাজার টাকা বৃত্তির চেক প্রদান করা হয়।

# ভোলার ইলিশায় প্রতিবন্ধীদের মধ্যে সুবর্ন নাগরিক কার্ড বিতরণ

জিজেইউএস ডেস্কঃ




ভোলার পূর্ব ইলিশায় প্রতিবন্ধি ব্যাক্তিদের মাঝে সুবর্ন নাগরিক কার্ড বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে ইলিশা জংশন বাজার সোনাডুগী গ্রামীণ জন উন্নয়ন সংস্থার শাখা কর্যালয়ে বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের পিপিইপিপি-ইইউ প্রকল্পের প্রতিবন্ধি সনাক্তকরণ ক্যাম্পেইনে প্রতিবন্ধি শনাক্ত করে উপজেলা সমাজসেবা কার্যালয়ের সহযোগিতায় কার্ডগুলো বিতরণ করা হয়।

বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার উপ-পরিচালক মোঃ আবু বকর তানভীর। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কারিগরি কর্মকর্তা মোঃ মাসুম বিল্লাহ, সহকারি কারিগরি কর্মকর্তা (পুষ্টি) জাহিদ হাসান, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার ইলিশা শাখার হিসাব রক্ষক সঞ্চিতা পাল। অনুষ্ঠানে দৃষ্টি, শারিরিক ও বুদ্ধি প্রতিবন্ধি ২৪ জনকে সুবর্ন নাগরিক কার্ড তিরন করা হয়। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার প্রকল্পের কর্মকর্তা ও সমাজসেবা কার্যালয়ের সমম্বয়ের মাধ্যমে কার্ড বিতরণ করা হয়েছে।




CamScanner

# ভোলা সদর ও দৌলতখানে কৈশোর মেলা অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ

ভোলার দৌলতখান উপজেলার সুকদেব মদন মোহন উচ্চ বিদ্যালয় মাঠে কৈশোর মেলা ২০২৪, দেশাত্ববোধক গান, রচনা ও দেয়ালিকা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের কৈশোর কর্মসূচির আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা এ মেলার আয়োজন করে। মেলার বিভিন্ন স্টলে কৈশোর ক্লাবের সদস্যরা তাদের সামাজিক সচেতনতামূলক উদ্ভাবনী তুলে ধরে। মেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ আকিক সানোয়ার, বিশেষ অতিথি ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা পাপিয়া সুলতানা, স্কুলের প্রধান শিক্ষক হাসান হারুন, সুকদেব মদন মোহন মাধ্যমিক বিদ্যালয়। সভাপতিত্ব করেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার উপ-পরিচালক ডাঃ তরুন কুমার পাল। পরিচালনায় ছিলেন মোঃ আলমগীর হোসেন। পরে প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় ও সমাজে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায় ৫ জন গুনী ব্যক্তিকে সম্মাননা প্রদান করা হয়।

ভোলায় নানা আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হলো কৈশোর মেলা–২০২৪। আয়োজন ছিলো খেলা, দেয়ালিকা, রচনা প্রতিযোগিতা ও বিভিন্ন কাজের স্বীকৃতি স্বরুপ সম্মাননা প্রদান। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর কৈশোর কর্মসূচির আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয় প্রাঙ্গনে এ অনুষ্ঠানের আয়োজন করে।

আজ শনিবার ৮ জুন ভোলা সদর উপজেলার ১৩টি ইউয়িনের কৈশোর ক্লাবের সদস্যরা মেলায় অংশ নিয়ে তাদের বিভিন্ন স্টলে পুষ্টি, সচেতনতা, পোশাক, শিক্ষা, মাদকস ও গ্রামীণ পিঠা সহ নানা ধরনের সামগ্রী নিয়ে মেলায় অংশগ্রহন করে। মেলার সবটুকু জুড়ে ছিলো সচেতনতা মূলক বার্তার আয়োজন।

এর মধ্যে ছিলো সদস্যদের অংশ গ্রহনে রচনা ও দেশাত্ববোধক গানের প্রতিযোগিতা। সমাজে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদান রাখায়, (ক্রিয়া ক্ষেত্রে) আলহাজ্ব মোঃ ফয়সেল, (সাংবাদিকতায়) প্রথম আলো প্রতিনিধি মোঃ নেয়ামত উল্যাহ, (সমাজসেবায় ) মনিরুল ইসলাম, (উপস্থাপনা ও শিল্পি) মোঃ তালহা তালুকদার বাধন সহ মোট চার জনকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

সম্মাননা প্রধান অনুষ্টানে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মনিরুজ্জামান আহমেদ, সভাপতিত্ব করেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক হুমায়ুন কবীর। উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ বাহাউদ্দিন, বক্তব্য রাখেন অতিরিক্ত পরিচালক হিসাব এন্ড অর্থ মোঃ মোস্তফা কামাল, কৈশোর কর্মসূচির উপজেলা প্রোগ্রাম অফিসার মোঃ আলমগীর হোসেন। উপস্থাপনায় ছিলেন তালহা তালুকদার বাধন। পরে বিশিষ্ট ব্যক্তিদের সম্মাননা ও বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।






# জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইনিষ্টিটিউটে কেয়ার গিভিং প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট ও টুলস বিতরণ



জিজেইউএস ডেক্সঃ

বাংলাদেশ সরকারের SEIP প্রকল্পের আওতায় জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইনষ্টিটিউটে জেনারেল কেয়ার গিভিং লেভেল-২ এর তিন মাসব্যাপী প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ শিক্ষার্থীদের মাঝে সনদ ও টুলবক্স বিতরণ করা হয়েছে। আজ সকালে গ্রামীণ জন উন্নয়ন সংস্থার হলরুমে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সেইপ প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা অনুষ্ঠানের আয়োজন করে।

জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইনিষ্টিটিউটের অধ্যক্ষ মোঃ ফজলুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন। বক্তব্য রাখেন এডভোকেসি, কমপ্লায়েন্স এন্ড ট্রেনিং পরিচালক হুমায়ুন কবীর, ল্যাঙ্গোইজ ট্রেইনার আমিনুর রহমান চৌধুরী, সহকারি ট্রেইনার লামিয়া আক্তার প্রমূখ। উপস্থাপনায় ছিলেন লীড ট্রেইনার ডা: মানসুর আলম, শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন ময়না বেগম ও মোঃ হোসাইন। পড়ে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট ও টুলবক্স বিতরণ করা হয়।

# তিন মাস ব্যাপী কেয়ার গিভার প্রশিক্ষণের উদ্বোধন

জিজেইউএস ডেক্সঃ

ভোলায় তিন মাস ব্যাপী কেয়ার গিভার প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে। পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইনিষ্টিটিউটে প্রশিক্ষনের উদ্বোধন করেন ভোলার সিভিল সার্জন ডাঃ কে এম সফিকুজ্জামান।

প্রশিক্ষণে অর্থায়ন ও কারিগরি সহযোগিতা করছেন ইউরোপীয় ইউনিয়ন ও পিকেএসএফ। রবিবার সকালে গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক (এডভোকেসি, ট্রেনিং এন্ড কমপ্লায়েন্স) হুমায়ুন কবীরের সভাপতিত্বে উদ্বোধনি অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংস্থার অতিরিক্ত পরিচালক (মানবসম্পদ ও উন্নয়ন) মোঃ আজাদ হোসেন, জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইনিষ্টিটিউটের অধ্যক্ষ সাধন কুমার পাল। অনুষ্ঠান পরিচালনা করেন ইনিষ্টিটিউটের ইন্সট্রাক্টর ডাঃ মানসুর আলম। প্রশিক্ষনে কোডেক, উন্নয়ন ও জিজেইউএস এর পিপিইপিপি-ইইউ প্রকল্পভুক্ত পরিবারের ১৫ জন সদস্য অংশ নেয়।






# ভোলায় মাঠ পর্যায়ে মৎস্য কর্মকর্তাদের নিয়ে তিন দিনব্যাপি কর্মশালা অনুষ্ঠিত

জিজেইউএস ডেক্সঃ

ভোলায় বিভিন্ন এনজিও প্রতিষ্ঠানে কর্মরত মাঠ পর্যায়ে মৎস্য কর্মকর্তাদের তিন দিনব্যাপি মাঠ পর্যায়ে কার্যক্রম মূল্যায়ন কর্মশালা শুরু হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন পিকেএসএফ এর সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা তাদের হলরুমে কর্মশালার আয়োজন করে। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা বিশ্বজিৎ কুমার দেব। কর্মশালার উদ্বোধন করেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন। বক্তব্য রাখেন পিকেএসএফ এর ব্যবস্থাপক এ এম ফরহাদুজ্জামান, উপ-ব্যবস্থাপক কার্যক্রম মেহেদি হাসান ওসমান, উপ ব্যবস্থাপক মোঃ সুজন খান। কর্মশালায় দেশের ৩৪টি জেলার বেসরকারি সংস্থার উন্নয়ন সংস্থার ৩৫জন মৎস্য কর্মকর্তা অংশ নেয়।

# ধনিয়ায় স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে প্রবীণদের চিকিৎসা সেবা প্রদান

জিজেইউএস ডেক্সঃ




ভোলার ধনিয়া ইউনিয়নে স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে প্রবীণদের চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ইউনিয়নের ৭ নং ওয়ার্ডে প্রায় ত্রিশ জন প্রবীণদের স্বাস্থ্য সেবা ও বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের প্রবীণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা এ ক্লিনিকের আয়োজন করে। ভোলা ২৫০ শয্যা হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. তায়েবুর রহমান প্রবীণদের চিকিৎসা সেবা প্রদান করেন। এ সময় সংস্থার প্রকল্পের প্রতিনিধি মোঃ ইসমাইল জবিউল্লাহ উপস্থিত ছিলেন। স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে ৩০ জন প্রবীণকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।



CamScanner

# ভোলার ভেলুমিয়ায় দিনব্যাপি বিনামূল্যে গ্রামীণ জন উন্নয়ন সংস্থার চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ



ভোলার ভেলুমিয়ায় দিনব্যাপী বিনামূল্যে চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়েছে। ভেলুমিয়া ইউনিয়নের খালেদা খানম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের অনুষ্ঠিত চক্ষু ক্যাম্পে ১৮০ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

আজ রবিবার পল্লী-কর্ম সহায়ক ফাউন্ডেশনের পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা ক্যাম্পের আয়োজন করে। বরিশাল ইস্পাহানি ইসলামিয়া চক্ষু হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগন চিকিৎসা সেবা প্রদান করেন।

চক্ষু ক্যাম্পে বিনামূল্যে ১৮০ জনকে চিকিৎসা সেবা প্রদান ও তাদের মধ্যে ১৮ জন ছানি রোগীর বিনামূল্যে অপারেশন জন্য বাছাই করা হয়েছে। ক্যাম্পে সার্বক্ষনিক তদারকি করেন পিপিইপিপি-ইইউ প্রকল্পের কারিগরি কর্মকর্তা (পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্য সেবা) মোঃ মিঠুন মন্ডল ও কারিগরি কর্মকর্তা (কমিউনিটি মোবিলাইজেশন) মোঃ মাসুম বিল্লাহ। আরো উপস্থিত ছিলেন মো: ইমরান হোসেন, সুব্রত রয় সহকারী কারিগরি কর্মকর্তা (পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা) এবং সিএনএইচপি ভেলুমিয়া প্রকল্প ইউনিটের সদস্যরা।

# শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ পালিত

জিজেইউএস ডেস্কঃ

ভোলায় শিক্ষাবিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ পালিত হয়েছে। দিবষটি উপলক্ষে সকালে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এবারের প্রতিপাদ্য বিষয় ছিলো "শিক্ষায় রুপান্তর" গনসাক্ষরতা অভিযান ও গ্রামীণ জন উন্নয়ন সংস্থা যৌথ ভাবে দিবষটির আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সজল চন্দ্র শীল। বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার মোঃ জাহাঙ্গীর আলম। শুভেচ্ছা বক্তব্য রাখেন পরিচালক লিগ্যাল এন্ড প্রোগ্রাম অ্যাডভোকেট বীথি ইসলাম। অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার সহকারি পরিচালক কৃষিবিদ আনিসুর রহমান। অনুষ্ঠানে বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, এসএমসি কমিটি, অভিভাবক ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন। আধুনিক যুগের সাথে তাল মিলিয়ে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার জন্য শিক্ষা রুপান্তর করা জরুরী বলে জানান বক্তারা। এ ছাড়াও ঝড়ে পড়া রোধে করনীয় বিষয়েও আলোচনা হয়।



# মৎস্যজীবি পরিবারের বেকার যুবদের দক্ষতা উন্নয়নে ওমানিয়ান টুপি সেলাই প্রশিক্ষণের সার্টিফিকেট বিতরণ

জিজেইউএস ডেস্কঃ



ভোলায় মৎস্যজীবি পরিবারের বেকার যুবদের দক্ষতা উন্নয়নে ১৫ দিন ব্যাপী ওমানিয়ান টুপি সেলাই এর প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। সোমবার বিকেলে মৎস্য অধিদপ্তরাধীন সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থার হলরুমে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইনিষ্টিটিউটের কারিগরি সহযোগিতায় মৎস্য অধিদপ্তর ও এসডিএফ প্রকল্পটি বাস্তবায়ন করছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসডিএফ এর আঞ্চলিক সমন্বয়কারী রওনক ফেরদৌস, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন আঞ্চলিক কর্মকর্তা মোঃ শিরাজুল ইসলাম, রিজজিওনাল কো ম্যানেজম্যান্ট এক্সপার্ট মোঃ আলিম হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ সাধন চন্দ্র পাল। অনুষ্ঠান শেষে ৫০ জন প্রশিক্ষাণার্থীর মধ্যে সার্টিফিকেট বিতরণ করা হয়।

# ভেলুমিয়ায় নানা আয়োজনের মধ্য দিয়ে পুষ্টি মেলা ও ক্রীড়ানুষ্ঠান অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ




ভোলা সদর উপজেলার ভেলুমিয়া ইউনিয়নের কুঞ্জপট্রি গ্রামে নানা আয়োজনের মধ্য দিয়ে পুষ্টি মেলা ও সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা অনুষ্ঠানের আয়োজন করে। সামাজিক উন্নয়ন কেন্দ্র (কিশোরী), মা ও শিশু ফোরাম এবং পিভিসির সদস্যদের মধ্যে মোট ৫১ রকমের খাদ্য উপকরণ (শাক-সবজি, ফল, পিঠা, পুষ্টিকর খিচুরি) প্রদর্শন এবং প্রশ্নোত্তরের মাধ্যমে এইগুলোর পুষ্টি গুনাগুণ নিয়ে আলোচনা করা হয়।

স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে উপস্থিত সদস্যদের পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। পুষ্টি মেলা আরো প্রানবন্ত ও আর্কষনীয় করার জন্য সদস্যদের মধ্যে বালিশ

বদল, চেয়ার সিটিং, হাড়িভাঙা, আবৃত্তি, দেশাত্ববোধক গান, নৃত্য সহ নানান গ্রামীণ খেলা আয়োজন করা হয়। পরিশেষে সদস্যদের মধ্যে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার বিতরণ করা হয়। এই অনুষ্ঠানে অংশ নেয় মা ও শিশু ফোরামের সদস্য, প্রতিবন্ধী ব্যাক্তি ফোরামের সদস্য, সামাজিক উন্নয়ন কেন্দ্র (কিশোরী) সদস্যরা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রকল্পের সমন্বয়কারী মোঃ আবু বকর তানভীর, কারিগরি কর্মকর্তা পুষ্টিবিদ মোঃ মিঠুন মন্ডল, ভেলুমিয়া শাখার শাখা ব্যবস্থাপক আজিজুল হক, টেকনিক্যাল অফিসার মোঃ মাসুম বিল্লাহ এবং সহকারী কারিগরি কর্মকর্তা এমরান হোসেন।

# কৃষি, প্রাণি ও মৎস্য সরকারি সেবা সমুহ বিষয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ



উপজেলা পর্যায়ে কৃষি, প্রাণি ও মৎস্য সরকারি সেবা সমুহের বিষয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় উপজেলা কৃষি অফিস মিলনায়তনে গ্রামীণ জন উন্নয়ন সংস্থা এ সভার আয়োজন করে। সভায় প্রধান আলোচক ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা এএফএম সাহাবুদ্দিন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ শাহিন মাহমুদ, উপজেলা মৎস্য কর্মকর্তা এ এফ এম নাজমুস সাকিব, স্বাগত বক্তব্য রাখেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার সহকারি পরিচালক কৃষিবিদ আনিসুর রহমান, প্রকল্পের বিষয়ে উপস্থাপনা করেন প্রকল্পের প্রোগ্রাম অফিসার মোঃ শাকিল আহমেদ। সমাপনী বক্তব্য রাখেন সিনিয়র প্রিন্সিপ্যাল অফিসার মোঃ বশির আহমেদ। অনুষ্ঠান পরিচালনা করেন টেকনিক্যাল অফিসার (কমিউনিটি মবিলাইজেশন) মুহাম্মদ মাসুম বিল্লাহ। সভায় ভেলুমিয়া, কাচিয়া ও ইলিশা ইউনিয়নের হত দরিদ্র সদস্যরা অংশ নেয়।

# গুরু-শিষ্য ও তরুণ উদ্যোক্তা নির্বাচনের লক্ষ্যে আউট-রিচ সভা অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ




ভোলার ব্যাংকের হাট এলাকায় রেইস প্রকল্পের আওতায় গুরু-শিষ্য ও তরুণ উদ্যোক্তা নির্বাচনের লক্ষ্যে আউট-রিচ সভা অনুষ্ঠিত হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন এর সহযোগিতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন রেইস প্রকল্পের উপ-প্রকল্প সমন্বয়কারী গোলাম জিলানী। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন এর সভাপতিত্বে বক্তব্য রাখেন মাইক্রোফিন্যান্স এর পরিচালক মোঃ জাকির হোসেন সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। সভায় স্থানীয় বিভিন্ন শ্রেনীপেশার মানুষ অংশ গ্রহন করে।



CamScanner

# বোরহানউদ্দিনে ঘুর্নিঝড় রেমালে ক্ষতিগ্রস্থ ৫৭৫ টি পরিবারের মধ্যে ত্রান বিতরণ

জিজেইউএস ডেক্সঃ

ভোলার বোরহানউদ্দিনে ঘূর্ণিঝড় রেমালে ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ত্রান বিতরণ করা হয়েছে। বুধবার দুপুরে উপজেলার সাচঁড়া ও গঙ্গাপুর ইউনিয়নের ৫৭৫ টি পরিবারের মধ্যে ত্রান বিতরণ করা হয়। সুইডেন সরকারের অর্থায়নে, মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) এর সহযোগিতায় "কমিউনিটি ভিত্তিক জলবায়ু সহনশীলতা ও নারীর ক্ষমতায়ন কর্মসূচি-ক্রিয়া" প্রল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস) খাদ্যগুলো বিতরণ করে। বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক কর্মসূচি এন্ড লিগ্যাল অ্যাডভোকেট বীথি ইসলাম। উপস্থিত ছিলেন গঙ্গাপুর ইউনিয়ন পরিষদ সদস্য নীলা আলম, আফসুরা বেগম, প্রকল্প সমন্বয়কারী বাবুল আখতার, মোঃ আব্দুল জব্বার, প্রকল্প সমন্বযকারী, সমৃদ্ধি, আবুল হাসান, শাখা ইনচার্জ গংগাপুর, ক্রিয়া প্রকল্পের প্রকল্প কর্মকর্তা ইরিন ইসরাত, ফিল্ড ফ্যাসিলিটেটর সামিয়া মৌ, অ্যাডমিন ও অ্যাকাউন্টস অফিসার মোঃ জাফর উল্লাহ, ফিল্ড ফ্যাসিলিটেটর ইকবাল হোসেন অভি প্রমুখ। ত্রানের মধ্যে ছিলো প্রতিটি প্যাকেটে ৭ কেজি চাল ও ৩ কেজি করে মশুরডাল। এ ছাড়াও আশ্রয়কেন্দ্রে আসা বানভাসিদের শুকনো খাবার বিতরণ করা হয়। ত্রান পেয়ে খুশি ক্ষতিগ্রস্থরা।




Swede
Sve
on (CREA) Project
ভোলা।
Fair-2023
Bhola
Enterprise Project(SEP)





CamScanner

# এডুকেশন ওয়াচ সমীক্ষা ২০২৩ উপলক্ষে কর্মশালা অনুষ্ঠিত




জিজেইউএস ডেস্কঃ

ভোলায় এডুকেশন ওয়াচ সমীক্ষা ২০২৩ উপলক্ষে এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গ্রামীণ জন উন্নয়ন সংস্থা ও গণ-সাক্ষরতা অভিযানের যৌথ উদ্যোগে আজ বেলা ১২টায় সংস্থার হলরুমে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ তৌহিদুল ইসলাম। কর্মশালার উদ্বোধন করেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন। বক্তব্য রাখেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক প্রশিক্ষণ, কমপ্লায়েন্স এন্ড এডভোকেসি হুমায়ুন কবীর। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক কর্মসূচিএন্ড লিগ্যাল এডভোকেট বীথি ইসলামের সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন জেলা মাধ্যমিক শিক্ষা ট্রেনিং কো-অর্ডিনেটর মোঃ মাইনুদ্দিন আহমেদ, সংস্থার প্রোগ্রাম অফিসার ইসমাইল জবিউল্লাহ। কর্মশালায় শিক্ষক, সাংবাদিক, এসএমসি কমিটির সদস্য, বিদ্যোৎসী, এনজিও প্রতিনিধি ও অভিভাবকগণ অংশ নেয়।

# গঙ্গাপুরে গ্রামীণ জন উন্নয়ন সংস্থার আয়োজনে বিনামূল্যে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ

ভোলার বোরহানউদ্দিন উপজেলার গঙ্গাপুর ইউনিয়নে বিনামূল্যে দিনব্যাপী চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। বোরহানউদ্দিন উপজেলার গঙ্গাপুর ইউনিয়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন এর সমৃদ্ধি প্রকল্পের আওতায় চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়। ইসলামিয়া ইস্পাহানি চক্ষু ইনস্টিটিউট, বরিশালের বিশেষজ্ঞ ডাক্তার গণ চিকিৎসা সেবা প্রদান করেন। ক্যাম্পের মাধ্যমে ৩৬৫ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান, চশমা ও ঔষধের ব্যবস্থা করা হয় এবং ৫৫ জন রোগীকে বিনামূল্যে চোখের ছানি অপারেশন ও তাদের জন্য চশমা এবং ওষুধের ব্যবস্থা করা হয়। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার উপ-পরিচালক (টেকনিক্যাল) মোঃ আবু বকর এই ক্যাম্পের সার্বিক তত্ত্বাবধায়ক হিসেবে দিক নির্দেশনা প্রদান করেন। সমৃদ্ধি ইনিস্টিটিউট সকল কর্মকর্তাগণ এই চক্ষু ক্যাম্প সফলভাবে আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।





CamScanner

# লিড খামারিদের প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট বিতরণ

জিজেইউএস ডেস্কঃ




ভোলায় লিড খামারিদের প্রাণিসম্পদবিষয়ে পাঁচদিন ব্যাপী প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ও গ্রামীণ জন উন্নয়ন সংস্থার সহযোগিতায় জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইনিস্টিটিউট (জ্যোতি) প্রশিক্ষণ বাস্তবায়ন করছে। আজ শনিবার সকালে প্রশিক্ষণার্থিদের মধ্যে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সাটিফিকেট তুলে দেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন। বক্তব্য রাখেন জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইনিস্টিটিউট (জ্যোতি) র অধ্যক্ষ সাধন চন্দ্র পাল, ডাঃ তৈয়বুর রহমান ও সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোঃ কামরুজ্জামান। প্রশিক্ষণে ২৫ জন লীড খামারি অংশ নেয়।

# ইলিশায় স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় প্রসপারিটি প্রকল্পের আওতায় ২৮ তম জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ পালিত হয়েছে

জিজেইউএস ডেস্কঃ




ভোলার ইলিশায় ২৮ তম জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ পালিত হয়েছে। এ উপলক্ষে শিক্ষার্থীদের কৃমি নাশক ঔষধ খাওয়ানো, লিফলেট বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল ১০ টায় ইলিশা মুরাদ ছবুল্যাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভোলা স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা কার্যক্রমের আয়োজন করে। "কৃমিনাশক সেবন করি, কৃমিমুক্ত বাংলাদেশ গড়ি" এ প্রতিপাদ্যকে সামনে রেখে স্কুল হলরুমে আলোচনা সভায় সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক উম্মে হাবিবা। বক্তব্য রাখেন টেকনিক্যাল অফিসার কমিউনিটি মোবিলাইজেশন মোঃ মাসুম বিল্লাহ, সহকারি শিক্ষক মোঃ জাকির হোসেন জুয়েল, উপস্থিত ছিলেন সহকারি শিক্ষিকা রেহানা বেগম, সহকারি শিক্ষক দিপক চন্দ্র রায়। সহযোগিতায় ছিলেন সহকারি টেকনিক্যাল অফিসার (পুষ্টি) মোঃ জাহিদ হাসান, শাপলা সামাজিক উন্নয়ন কেন্দ্র (কিশোরী) ও স্কুলের ক্ষুদে ডাক্তাররা। ক্যাম্পেইন এর আওতায় স্কুলের সকল শিক্ষার্থী দের কৃমি প্রতিরোধে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি সম্পর্কে সেশন পরিচালনা করা, কৃমিনাশক খাওয়ানো ও লিফলেট বিতরণের মাধ্যমে কৃমির প্রকোপ কমানোর জন্য সবাইকে সচেতন করা হয়।



CamScanner

# জিজেইউএস এর ডেইরি ল্যাবের উদ্বোধন

জিজেইউএস ডেক্সঃ



ভোলায় এই প্রথম জিজেইউএস এন্টারপ্রাইজের আওতায় জিজেইউএস ডেইরী ল্যাবের উদ্বোধন করা হয়েছে। আজ সকালে ল্যাবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সিনিয়র মহা ব্যবস্থাপক ড. আকন্দ মোহাম্মদ রফিকুল ইসলাম। ইফাদ এর অর্থায়নে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় আরএমটিপি প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা ল্যাবের সার্বিক কার্যক্রম শুরু করে শহরের হোমিও কলেজ রোডে। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্তিত ছিলেন পিকেএসএফ এর ভ্যালু চেইন স্পেশালিস্ট মোঃ ইব্রাহীম, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার উপ পরিচালক ডাঃ মোঃ খলিলুর রহমান, ভিসিএফ ডেইরি মোঃ রুহুল আমিন। এ ল্যাবের মাধ্যমে অত্র এলাকার সকল ডেইরি পণ্যের গুনগত মান নির্নয় পরীক্ষা কর যাবে। ইতোমধ্যে ল্যাবের মাধ্যমে জিজেইএস এর ডেইরি পণ্যসমুহ গুনগত মান বজায় রেখে বাজারজাত করা হচ্ছে। সকল ধরনের দুগ্ধজাত পণ্য উৎপাদনকারী সহজে তাদের পণ্যের মান নির্নয় করতে পারবে।

# ভোলায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থায় তৈরীকৃত মাঠা ও লাবানের মোড়ক উম্মোচন

জিজেইউএস ডেক্সঃ



গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নিরাপদ ডেইরী এন্টার প্রাইজের তৈরীকৃত মাঠা ও লাবানের মোড়ক উম্মোচন করা হয়েছে। আজ সোমবার সকালে জিজেইউএস বাজারে মোড়ক উম্মোচন করেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসিম উদ্দিন। এ সময় সাথে ছিলেন (পিকেএসএফ) এর ব্যবস্থাপক (কার্যক্রম) মুহাম্মাদ সাইদুল হক, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন, পরিচালক কর্মসূচি এন্ড লিগ্যাল এডভোকেট বীথি ইসলাম ও (আরএমটিপি) প্রকল্পের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের আরএমটিপি প্রকল্পের সহায়তায় দুধ দিয়ে দুগ্ধজাত পণ্য নিরাপদ মাঠা ও লাবান তৈরী করছে জিজেইউএস নিরাপদ ডেইরী এন্টারপ্রাইজ। বর্তমানে পুলিশ লাইনস মোড় জিজেইউএস বাজারে এগুলো পাওয়া যাচ্ছে।

# বোরহানউদ্দিনে আর্ন্তজাতিক গ্রামীণ নারী দিবস পালিত

জিজেইউএস ডেক্সঃ




ভোলার বোরহানউদ্দিনে নানা ইনিস্টিটিউট মধ্য দিয়ে আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আলোচনা সভা ও র‍্যালী অনুষ্ঠিত হয়েছে। মানুষের জন্য ফাউন্ডেশনের ক্রিয়া প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা আজ সকালে বোরহানউদ্দিন উপজেলা কৃষি অফিসের হলরুমে দিবসটির আয়োজন করে। দিবসটির এবারের বিষয় ছিলো জলবায়ু সহনশীল কৃষি ও খাদ্য নিরাপত্তায় গ্রামীণ নারীর ভূমিকা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ মিজানুর রহমান। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার সহকারি পরিচালক আনিসুর রহমান টিপুর সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান, সাচরা ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান মোঃ শেলিম সিকদার, চর গঙ্গাপুর দাখিল মদ্রাসার সুপার মোঃ মিজানুর রহমান, প্রকল্প ফ্যাসিলিটিটর সামিরা মৌ।



CamScanner

# বোরহানউদ্দিনে গ্লোবাল ডে অব ক্লাইমেট অ্যাকশন উপলক্ষে আলোচনাসভা মানব বন্ধন ও র‍্যালি অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ




"আমাদের অবশ্যই জীবাশ্ম জ্বালানির যুগ শেষ করতে হবে" এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আজ ১৯ সেপ্টেম্বর, ২০২৩ মঙ্গলবার সকাল ১১ ঘটিকায় ভোলার বোরহানউদ্দিন উপজেলার সাচড়া ইউনিয়নের স্কুলবাড়ির বেড়ি বাধে মানুষের জন্য ফাউন্ডেশন এর সহযোগিতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থার আয়োজনে গ্লোবাল ডে অব ক্লাইমেট অ্যাকশন উপলক্ষে মানব বন্ধন, আলোচনা সভা ও র‍্যালী অনুষ্ঠিত হয়েছে। গ্রামীণ জন উন্নযন সংস্থার লিগ্যাল ও কর্মসূচি পরিচালক অ্যাডভোকেট বীথি ইসলাম আলোচনা সভায় সভাপতিত্বে করেন। বিভিন্ন প্লাকার্ড ও ফেস্টুন নিয়ে র‍্যালি ও আলোচনা সভায় ও মানব বন্ধনে উপজেলা ও ইউনিয়ন ক্লাইমেট অ্যাকশন গ্রুপের প্রতিনিধি ,শিক্ষক, প্রকল্পের কর্মকর্তাবৃন্দ ও প্রকল্পের বিভিন্ন গ্রুপের সদস্যবৃন্দ ও অত্র এলাকার কিশোর, কিশোরী, যুবক-যুবতী,নারী-পুরুষ অংশ নেয়। উপস্থিত বক্তারা বলেন, ন্যায্যতা নিশ্চিত করে জীবাশ্ম জ্বালানি (কয়লা,তেল ও প্রাকৃতিক গ্যাস) বন্ধ ও নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার করা, যেহেতু ধনী ও যারা শিল্প বিপ্লবের পর থেকে বৈশ্বিকভাবে গ্রীন হাউস গ্যাস নিঃসরণে ও জলবায়ু পরিবর্তনে বেশি প্রভাব রাখছে, তাই আমাদের দাবী ধনী দেশগুলো অতিসত্তর নবায়নযোগ্য জ্বালানি গ্রহনের মাধ্যমে গ্রীন হাউস গ্যাস নিঃসরণ কমাবে এবং জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী নয় বাংলাদেশও তারা তাদের উন্নয়নকে বাধাগ্রস্থ না করে নবায়নযোগ্য জ্বালানি গ্রহণ করবে এবং নবায়নযোগ্য জ্বালানিতে ও জ্বালানি নীতিতে নারীদের অবস্থান সুদৃঢ় করবে ।

# নারীদের নেতৃত্বে সক্ষমতা তৈরী বিষয়ে মতবিনিময় সভা

জিজেইউএস ডেস্কঃ




ভোলায় জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় ঝুঁকিপূর্ণ জন গোষ্ঠির সহনশীলতা বৃদ্ধি ও নারীদের নেতৃত্বের সক্ষমতা তৈরি বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বে-সরকারি উন্নয়ন সংস্থা মানুষের জন্য ফাউন্ডেশনের কর্মকর্তা ও গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস) এর কর্মকর্তারা মতবিনিময় সভায় অংশ নেয়। রবিবার দুপুরে গ্রামীণ জন উন্নয়ন সংস্থার হলরুমে আয়োজিত মত বিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) এর প্রোগ্রাম ম্যানেজার সোমা দত্ত, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক, হুমায়ুন কবীরের সভাপতিত্বে মত বিনিময় সভায় আরো বক্তব্য রাখেন (এমজেএফ) এর গ্রান্ডস কন্ট্রোল ম্যানেজার মিহির রঞ্জন সাহা, উপস্থিত ছিলেন সহকারি ব্যবস্থাপক মোঃ আবদুল লতিফ মিয়া, CREA প্রকল্পের সহকারি প্রোগ্রাম ম্যানেজার একেএম জিয়াউল করিম। জিজেইউএস এর পরিচালক মাইক্রোফাইন্যান্স মোঃ জাকির হোসেন, অতিরিক্ত পরিচালক হিসাব ও অর্থ মোঃ মোস্তফা কামাল, অতিরিক্ত পরিচালক মানব সম্পদ উন্নয়ন ও প্রশাসন মোঃ আজাদ হোসেন, উপ-পরিচালক মোঃ আহসান উল্লাহ সহ বিভিন্ন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সঞ্চালনায় ছিলেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার প্রকল্প সমন্বয়কারী (CREA) পুষ্টিবিদ বাবুল আখতার। মতবিনিময় সভায় বক্তারা, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় ঝুঁকিপূর্ণ জন গোষ্ঠির সহনশীলতা বৃদ্ধি ও নারীদের নেতৃত্বের সক্ষমতা তৈরি বিষয়ে আলোচনা করেন।



CamScanner

# এসইপি নেটিভ পোল্ট্রি প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ



বিশ্ব ব্যাংকের অর্থায়নে, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন এর সহযোগিতায় এবং গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস) এর বাস্তবায়নাধীন এসইপি-নেটিভ পোল্ট্রি প্রকল্পের আওতায় ভোলা জেলায় পরিবেশগতভাবে দেশীয় পোল্ট্রি পালন ও বাজার সম্প্রসারণ উপ-প্রকল্পের আয়োজনে গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস) হলরুমে দেশীয় পোল্ট্রি পালন উপ-প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ রোবাবর সকালে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ভোলা জেলা পুলিশ সুপার মোঃ মাহিদুজ্জামান (বিপিএম) বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা দেবশীষ কুমার কুন্ড, সদর উপজেলা ভেটিরিনারি সার্জন মোঃ শাহীন মাহমুদ, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক এডভোকেসি কমপ্লায়েন্স হুমায়ুন কবীর এর সভাপতিত্বে শুভেচ্ছা বক্তব্য রাখেন পরিচালক প্রশিক্ষণ এডভোকেট বীথি ইসলাম। সঞ্চালনায় ছিলেন অতিরিক্ত পরিচালক মোঃ মোস্তফা কামাল। প্রকল্প সম্পর্কিত বিভিন্ন তথ্য তুলে ধরে বক্তব্য রাখেন প্রকল্পের ফোকাল পার্সন ডাঃ খলিলুর রহমান, মাল্টিমিডিয়া উপস্থাপনা করেন প্রকল্প ব্যবস্থাপক মোঃ মিজানুর রহমান। গ্রামীণ জন উন্নয়ন সংস্থা প্রকল্পটি ২০২১ সাল থেকে ভোলা সদর ও দৌলতখান উপজেলার ১৩ টি ইউনিয়ন ও দুটি পৌর এলাকায় দেশী মুরগি পালনে এক হাজার ক্ষুদ্র উদ্যোক্তাদের বিভিন্ন প্রশিক্ষণ, বিনামূল্যে দেশী মুরগির বাচ্চা ফুটানোর মেশিন, জৈব নিরাপত্তা সামগ্রী ও চিকিৎসা সেবা সহ বিভিন্ন উপকরণ দিয়ে সহযোগিতা করেছে। ফলে বিলুপ্ত প্রায় দেশী মুরগি পালনে গড়ে উঠেছে বিভিন্ন উদ্যোক্তা। উদ্যোক্তাদের আশা প্রকল্পটি চলমান থাকলে দেশীয় পোল্ট্রি পালনে আরো ক্ষুদ্র উদ্যোক্তার সৃষ্টি হবে। কর্মশালায় বিভিন্ন পোল্ট্রি খামারী, উদ্যোক্তা, ব্যবসায়ী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

# ইলেকট্রিক্যাল ইনস্টুলেশন হাউস ওয়ারিং প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট ও টুলস বিতরণ



জিজেইউএস ডেস্কঃ

ভোলায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থার জন উন্নয়ন টেকনিক্যাল ইনিস্টিটিউটে বেকার যুবকদের বিনামূল্যে তিন মাস ব্যাপী ইলেকট্রিক্যাল ইনস্টুলেশন, হাউস ওয়ারিং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট ও টুলস বিতরণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে গ্রামীণ জন উন্নয়ন সংস্থার হলরুমে আয়োজিত বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভোলা জেলা পুলিশ সুপার মোঃ মাহিদুজ্জামান বিপিএম সেবা। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের প্রোসপারিটি প্রকল্পের আওতায় অনুষ্ঠানটির অয়োজন করে গ্রামীণ জন উন্নযন সংস্থা। সংস্থার লিগ্যাল এন্ড কর্মসূচি পরিচালক এড. বিথী ইসলাম সভাপতিত্ব করেন। উপস্থিত ছিলেন পরিচালক এডভোকেসি ট্রেনিং এন্ড কমপ্লায়েন্স হুমায়ুন কবীর, টেকনিক্যাল ইনিস্টিটিউটের তত্বাবধায়ক ফজলুর রহমান, অনুষ্ঠান পরিচালনা করেন সংস্থার হিসাব এন্ড অর্থ মোঃ মোস্তফা কামাল। পরে উত্তীর্ণ ১৫ জন প্রশিক্ষণার্থীকে সার্টিফিকেট ও টুলস বিতরণ করা হয়।



CamScanner




# বিজনেস ম্যানেজম্যান্ট এন্ড এন্টারপ্যানারশীপ বিষয়ক প্রশিক্ষনের উদ্বোধন

জিজেইউএস ডেক্সঃ

ভোলায় রেইজ প্রকল্পের আওতায় তিনদিন ব্যাপী বিজনেস ম্যানেজম্যান্ট এন্ড এন্টারপ্যানারশীপ বিষয়ক প্রশিক্ষন শুরু হয়েছে। প্রশিক্ষনের উদ্বোধন করেন পিকেএসএফ এর রেইজ প্রকল্পের উপ প্রকল্প সমন্বয়কারী এস এম খালেদ মাহফুজ। বিশ্ব ব্যাংকের অর্থায়নে পল্লীকর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় গ্রামীন জন উন্নয়ন সংস্থা প্রশিক্ষনের আয়োজন করে। প্রশিক্ষনে বিশেষ অতিথি ছিলেন পিকেএসএফ এর পরিবেশ বিশেজ্ঞ শাহীনুর রহমান, প্রশিক্ষক রফিকুল হাসান। সভাপতিত্ব করেন গ্রামীন জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন। প্রশিক্ষনে পিকেএসএফ-এর সহযোগী সংস্থা জিজেইউএস, কারসা ফাউন্ডেশন, পরিবার উন্নয়ন সংস্থা-এর ২৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।

# জলবায়ু সহিষ্ণু ও পরিবেশ সম্মত ভাবে মহিষ পালন এর উপর সেমিনার অনুষ্ঠিত

জিজেইউএস ডেক্সঃ

ভোলায় জলবায়ু সহিষ্ণু ও পরিবেশ সম্মত ভাবে মহিষ পালন শীর্ষক প্রকল্পের আওতায় প্রাণিসম্পদ ও কৃষি সম্প্রসারন অধিদপ্তরের সাথে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের এসইপি প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা এ সেমিনারের আয়োজন করে। প্রধান অতিথি ছিলেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ইন্দ্রজিৎ কুমার মন্ডল। সভাপতিত্ব করেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার এডভোকেসি কমপ্লায়েন্স এন্ড ট্রেনিং পরিচালক হুমায়ুন কবীর। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা দেবাশিষ কুমার কুন্ড ও ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ শাহিন মাহমুদ। বক্তব্য রাখেন উপ পরিচালক ডাঃ খলিলুর রহমান, মাল্টিমিডিয়ায় প্রকল্পের বিভিন্ন বিষয় তুলে ধরেন প্রকল্প ব্যবস্থাপক ডাঃ তরুন কুমার পাল, অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন অতিরিক্ত পরিচালক হিসাব এন্ড অর্থ মোঃ মোস্তফা কামাল। সেমিনারে প্রকল্পের উপকারভোগী ৩০ জন খামারী অংশ নেয়।






# গরু ছাগল ও ভেঁড়া পালনের উপর উদ্যোক্তা উন্নয়নে তিন দিন ব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন

জিজেইউএস ডেক্সঃ

ভোলায় গরু, ছাগল ও ভেঁড়া পালন খামারিদের উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক তিন দিন ব্যাপী আলাদা দুটি প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে। আজ (সোমবার) সকালে প্রশিক্ষণের উদ্বোধন করেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের প্রসপারিটি প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা তাদের হলরুমে প্রশিক্ষণের আয়োজন করে। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রফেসর ড. রায়হান হাবিব, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ডেইরি বিজ্ঞান বিভাগ, মোঃ রেজাউল করিম, পিএইচডি ফেলো, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপক শাহরিয়ার আল মাহমুদ, প্রসপারিটি প্রকল্পর সহকারী প্রোগ্রাম সমন্বয়কারী খন্দকার মনির হোসেন ও গ্রামীণ জন উন্নয়ন সংস্থার উপ পরিচালক ডাঃ অরুন কুমার সিনহা। প্রশিক্ষণে পটুয়াখালী, লক্ষীপুর ও ভোলা জেলার ৪ টি সংস্থার ৭৫ জন উদ্যোক্তা অংশ নেয়। প্রশিক্ষণ চলবে ১১ থেকে ১৩ তারিখ পর্যন্ত।

# বিশ্ব শিক্ষক দিবস পালিত

জিজেইউএস ডেক্সঃ

ভোলায় বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। দিবসটির এবারের প্রতিপাদ্য ছিলো "কাঙ্খিত শিক্ষার জন্য শিক্ষক স্বল্পতা পূরণ বৈশ্বিক অপরিহার্যতা"। গণ সাক্ষরতা অভিযানের সহযোগিতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা তাদের হলরুমে দিবসটির আয়োজন করে। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিপক হালদার, বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আমিনুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার জাহাঙ্গীর হোসেন, উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোঃ জসিম উদ্দিন। সভাপতিত্ব করেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক কর্মসূচি এন্ড লিগ্যাল এড. বিথী ইসলাম, পরিচালক এডভোকেসি কমপ্লায়েন্স এন্ড ট্রেনিং হুমায়ুন কবীর।



# ভেলুমিয়ায় ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ



ভোলা সদর উপজেলার ভেলুমিয়া ইউনিয়নের কুঞ্জপট্টি গ্রামে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে ছিলো র‍্যালী ও বাড়ি বাড়ি গিয়ে লিফলেট বিতরণ। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা এ ক্যাম্পেইন আয়োজন করে। সোমবার ২৫ সেপ্টেম্বর খালেদা খামন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মাঠে শিক্ষার্থীদের সচেতনতা সৃষ্টিতে প্রধান অতিথির বক্তব্য রাখেন স্কুলের প্রধান শিক্ষক মোঃ শাহে আলম। বক্তব্য রাখেন প্রকল্পের কমিউনিটি মোবিলাইজেশন কর্মকর্তা মোঃ মাসুম বিল্লাহ, কারিগরি কর্মকর্তা (পুষ্টি) মোঃ মিঠুন মন্ডল, ভেলুমিয়া শাখা ইনচার্জ মোঃ আজিজুল হক ও সহকারী কারিগরি কর্মকর্তা মোঃ ইমরান হোসেন। পরে র‍্যালী নিয়ে এলাকার বিভিন্ন বাড়ি বাড়ি লিফলেট বিতরণ করা হয় ও মাইকিং এর মাধ্যমে প্রচার চালানো হয়।

# ভোলার ধনিয়ায় প্রবীণদের নিয়ে নানা ক্রীড়ানুষ্ঠান ও পুরস্কার বিতরণ

জিজেইউএস ডেস্কঃ




ভোলা সদর উপজেলার ধনিয়া ইউনিয়নে প্রবীণদের ক্রীড়ানুষ্ঠান ও পুরস্কার বিতরণ ও ওয়ার্ড ভিত্তিক সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলার ধনিয়া ইউনিয়নের তুলাতুলি ১নং ওয়ার্ডে ক্রীড়ানুষ্ঠানের আয়োজন করা হয়। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের প্রবীণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা এ খেলার আয়োজন করে। খেলার মধ্যে ছিলো বালিশ খেলা, হাড়ি ভাঙ্গা, চেয়ার সিটিং, দেশের গান, হামদ ও নাত।পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহকারী মহা-ব্যবস্থাপক আজমল হক খান, বিশেষ অতিথি ছিলেন উপ-ব্যবস্থাপক নাসির উদ্দিন। বক্তব্য রাখেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার সহকারী পরিচালক কৃষিবিদ আনিসুর রহমান, খেলা পরিচালনা করেন কৈশোর কর্মসূচির ফোকাল পার্সন আলমগীর হোসেন ও প্রোগ্রাম অফিসার ইছমাইল জবিউল্লাহ। পরে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।




# গুরু-শিষ্য ও তরুণ উদ্যোক্তা নির্বাচনে আউটরিচ সভা অনুষ্ঠিত

জিজেইউএস ডেস্কঃ

ভোলায় রেইজ প্রকল্পের আওতায় গুরু-শিষ্য ও তরুণ উদ্যোক্তা নির্বাচনের লক্ষ্যে কমিউনিটি আউটরিচ সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ এর আর্থিক সহযোগিতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস) সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন। বক্তব্য রাখেন প্রকল্প সমন্বয়কারী জাহিদুর রহমান মাসুদ, লাইফ স্কিলস অফিসার আবদুল হাই ও প্রকল্পের অন্যান্য কর্মকর্তা বৃন্দ। সভায় বিউটিফিকেশন, ফ্যাশন এন্ড টেইলারিং, ব্লক, বুটিক এন্ড প্রিন্টিং, বেকারী এন্ড পেস্টিং, প্লাম্বিং এন্ড স্যানিটারি, ইলেকট্রিক্যাল ও এলমিনিয়াম ফেব্রিকেশন সহ বিভিন্ন উদ্যোক্তা অংশ নেয়।

# গঙ্গাপুরে সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিনা মূল্যে প্রবীণদের মাঝে কম্বল বিতরণ

জিজেইউএস ডেস্কঃ

ভোলার বোরহানউদ্দিন উপজেলার গঙ্গাপুরে প্রবীণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন প্রকল্পের আওতায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা কম্বলগুলো বিতরণ করে। গঙ্গাপুর শাখা কার্যালয় থেকে কম্বল গুলো বিতরণ করেন গ্রামীণ জন উন্নয়ন সংস্থার উপ পরিচালক মোঃ আবু বকর, প্রকল্প সমন্বয়কারী মোঃ আবদুল জব্বার ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।






# প্রাণিসম্পদ খাত সংশ্লিষ্ট পণ্যের বাজার সংযোগ সম্পৃক্ত এক্টরদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের উদ্বোধন

জিজেইউএস ডেস্কঃ

ভোলায় প্রাণিসম্পদ খাত সংশ্লিষ্ট পণ্যের বাজার সংযোগ সম্পৃক্ত এক্টরদের দক্ষতা বৃদ্ধিমূলক দুই দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। আজ বুধবার সকালে ইউরোপীয় ইউনিয়ন এর অর্থায়নে পিকেএসএফ এর পিপিইপিপি-ইইউ প্রকল্পের সহযোগিতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা তাদের হলরুমে প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণ উদ্বোধন করেন বাংলাদেশ কৃষি বিশ্ব বিদ্যালয়ের প্রফেসর ড. রায়হান হাবিব। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন এর সভাপতিত্বে বক্তব্য রাখেন পিকেএসএফ এর ব্যবস্থাপক মোঃ শাহরিয়ার হায়দার, গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক এডভোকেসি, ট্রেনিং এন্ড কমপ্লায়েন্স হুমায়ুন কবীর। প্রশিক্ষণে ২৫ জন খামারি ও স্থানীয় পর্যায়ের প্রাণি চিকিৎসক অংশ নেয়।




# সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট মহিষ পালন উপ প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত

জিজেইউএস ডেক্সঃ

ভোলায় চরাঞ্চলে সাসটেইনেবল এন্টারপ্রাইজ মহিষ পালন উপ-প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের এসইপি প্রকল্পের আওতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা এই কর্মশালার আয়োজন করে। আজ বেলা ১২ টায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থার হলরুমে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রিপন কুমার সাহা। গ্রামীণ জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা দেবাশীষ কুমার কুন্ড, সদর উপজেলা ভেটিরিনারী সার্জন ডাঃ শাহিন মাহমুদ । শুভেচ্ছা বক্তব্য রাখেন পরিচালক কর্মসূচি এন্ড লিগ্যাল এ্যাডভোকেট বীথি ইসলাম, মাল্টিমিডিয়ায় মহিষ পালনে আধুনিকতার ছোয়ার বিষয়ে সংস্থার পরিচালিত নানা কর্মকান্ড তুলে ধরেন ডাঃ তরুন কুমার পাল। বক্তব্য রাখেন সংস্থার উপ পরিচালক ডাঃ খলিলুর রহমান। সঞ্চালনায় ছিলেন এসইপি প্রকল্পের টেকনিক্যাল অফিসার ডাঃ লেলিন মজুমদার। খামারীদের মধ্যে বক্তব্য রাখেন মোঃ দুলাল মাতাব্বর, নাজিম হাওলাদার ও দুগ্ধজাত পন্য উৎপাদনকারী এন ইসলাম দধি ঘরের প্রতিনিধি মোঃ মানসুর। এ অঞ্চলের মহিষ পালনে জলবায়ু সহিষ্ণু ও টেকসই উন্নয়নের জন্য প্রকল্পের মাধ্যমে বিভিন্ন কর্মকান্ডের কথা তুলে ধরেন বক্তারা। প্রকল্পটি সরকারের পাশাপাশি বিভিন্ন পদক্ষেপ নিয়ে দ্বীপ জেলার মহিষ পালন খাতের উন্নয়নে দৃষ্টান্ত স্থাপন করেছে। তারই ফলে প্রকল্পের মাধ্যমে চরে ৪টি কিল্লা স্থাপন কওে এবং বিভিন্ন চিকিৎসা সেবা প্রদান করে মহিষের জাত উন্নয়নে কাজ করে। এছাড়াও ভেদুরিয়া একটি প্রাণি সেবা কেন্দ্র চিকিৎসা সেবা দিয়ে যাচ্ছে। কর্মশালায় মহিষ খামারী, উদ্যোক্তা, মহিষ পালনকারী, দুগ্ধপণ্য উৎপাদনকারী প্রতিনিধি ও সাংবাদিকগণ সহ শতাধিক প্রতিনিধি অংশ নেয়।



CamScanner



# প্রাণিসম্পদ খাত সংশ্লিষ্ট খামারিদের নিয়ে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত

জিজেইউএস ডেক্সঃ

ভোলায় প্রাণিসম্পদ খাত সংশ্লিষ্ট খামারীদের নিয়ে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকালে ইউরোপীয় ইউনিয়ন এর অর্থায়নে পিকেএসএফ এর পিপিইপিপি-ইইউ প্রকল্পের সহযোগিতায় গ্রামীণ জন উন্নয়ন সংস্থা তাদের হলরুমে এ প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণ উদ্বোধন করেন বাংলাদেশ কৃষি বিশ্ব বিদ্যালয়ের প্রফেসর ড. রায়হান হাবিব। গ্রামীণ জন উন্নযন সংস্থার নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন এর সভাপতিত্বে বক্তব্য রাখেন পিকেএসএফ এর মহা-ব্যবস্থাপক ড. আব্দুল মালেক, ব্যবস্থাপক মোঃ শাহরিয়ার হায়দার, এ এইচ এম ফরহাদুজ্জামান, উপ-ব্যবস্থাপক মোঃ মেহেদী হাসান ওসমান, পিপিইপিপি-ইইউ প্রকল্পের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মোঃ সেলিম রেজা ও গ্রামীণ জন উন্নয়ন সংস্থার পরিচালক এডভোকেসি, ট্রেনিং এন্ড কমপ্লায়েন্স হুমায়ুন কবীর। প্রশিক্ষনে ২৫ জন খামারি অংশ নেয়। এর আগে কৃষি প্রযুক্তি বাস্তবায়ন বিষয়ক কর্মকর্তা প্রশিক্ষণের আরো একটি প্রশিক্ষণের উদ্ধোধন করা হয়। ওই প্রশিক্ষণে গ্রামীণ জন উন্নয়ন সংস্থা, কোডেক, পরিবার উন্নয়ন সংস্থা ও উন্নয়ন প্রচেষ্টা সহ ৪ টি সংস্থার ৩১ জন কারিগরি কর্মকর্তা অংশ নেয়।



CamScanner



জিজেইউএস বাজার
পৌর সুপার মল ( সাবেক কিচেন মার্কেটের দ্বিতীয় তলায় )
হাতের কাছে সকল পন্যের সমাহার
মাংস
মুদি
সবজি
মাছ
জিজেইউএস এন্টারপ্রাইজ
পৌর সুপার মল ( কিচেন মার্কেট ) ভোলা সদর, ভোলা।
মোবাইল : ০১৩৩৪৭৬৪০৯৯


CamScanner